৬। খ) দয়া-মায়ার দৌড়ে কে কীভাবে জয়লাভ করেছিল লেখো।

উঃ - "দয়া-মারার দৌড়" গল্পে দেখা যায় বনের পশু পাখিদের মধ্যে একটা দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল। সেখানে সব পশু পাখি অংশগ্রহণ করেছিল। এদের মধ্যে সকলেই ভালো দৌড়াতে পারতো। যেমন- চিতা হরিণ খরগোশ ইত্যাদি। কিন্তু এদের মধ্যে হরিণের মনোবল সবচেয়ে বেশি ছিল। দৌড় আরম্ভ হবার পর দেখা গেল হরিণ সবচেয়ে আগে দৌড়াচ্ছে। কিন্তু হঠাৎ হরিণ মুখ থুবড়ে পড়ে গেল। চিতা দৌড়ে যে ছিল হরিণের পিছনে, আর হরিণ পড়ে গেলে যার প্রথম হবার সম্ভাবনা সবচেয়ে বেশি ছিল সে ট্র্যাক ছেড়ে দিয়ে হরিণকে সাহায্য করতে এগিয়ে এলো। বন্ধুকে সাহায্য করার জন্য চিতা প্রতিযোগিতা থেকে সরে দাঁড়ালো।  সাধারণ দৌড় প্রতিযোগিতায় সে কোন স্থান পেল না বটে; কিন্তু ভালোবাসা, বন্ধুত্ব,দয়া-ময়া----এসবের বিচারে সে এগিয়ে গেল। চিতা প্রমাণ করে দিল দয়ামায়ার ভালোবাসার দৌড়ে সেই প্রথম স্থান অধিকার করল।